



বশেমুরকৃবিতে জেনোমিক এ্যান্ড ফেনো টাইপিং সেমিনার

প্রকাশিত: ১৩ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ক্ষমি বিশ্ববিদ্যালয়ে মঙ্গলবার 'জেনোমিক এ্যান্ড হাই থ্রি-পুট ফেনো টাইপিং অব সাসটেইনেবল ব্রিডিং প্রোগ্রেস ইন সিরিয়াল ক্রপস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। জার্মানির বিশেষজ্ঞের একটি প্রতিনিধিদল এতে অংশ নেন। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গিয়াস উদ্দিন মিয়া সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে দিনব্যাপী অনুষ্ঠিত এ সেমিনারে ট্রেজারার প্রফেসর তোফায়েল আহমেদ সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে জার্মানির বন বিশ্ববিদ্যালয়ের প্লান্ট ব্রিডিং এ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের প্রফেসর ড. জেনসলিওন তার গবেষণা প্রবন্ধ, 'ক্রপ ব্রিডিং রিসার্চ এট দ্য ইউনিভার্সিটি অব বন কেস স্ট্যাডিজ ফর ইমপ্রভিং ড্রট স্টেস টলারেন্স ইন বার্লি ইল্ল ইন হুইট' এবং উর্ধ্বতন বিজ্ঞানী ড. অজিম ব্যালভোরা, 'ব্রিডিং সিকিউরস সাসটেইনেবল হুইট প্রডাকটিভিটি' বিষয়ক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

গাইবান্ধায় আল্লাহর দলের নায়ক গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, ১২ নবেম্বর, গাইবান্ধা ॥ গাইবান্ধা শহরের এলিসা মার্কেটে অভিযান চালিয়ে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন আল্লাহর দলের আঞ্চলিক নায়ক শাহরিয়ার রোকনকে গত সোমবার রাতে র্যাব গ্রেফতার করেছে। রোকন সদর উপজেলার কুপতলা ইউনিয়নের কুপতলা গ্রামের তৈয়ব আলীর ছেলে। তিনি ২০০১ সাল থেকে এই দলের সঙ্গে জড়িত রয়েছে।

র্যাব-১৩ গাইবান্ধা ক্যাম্প সূত্র জানায়, রোকন দীর্ঘদিন ধরে জঙ্গী সংগঠন আল্লাহর দলকে সংগঠিত করছিল। গোপন সূত্রে খবর পেয়ে তাকে গ্রেফতার করা হয়।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকষ্ট শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকষ্ট লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ট ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ এন্ড রিসার্চ ইনসিটিউট, ঢাকা, ফোন: ৯৮৪৭৭৮০-৯৯ (অটোহাস্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com